



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৮

তারিখ: ৩১.০৫.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রিবিতে স্মার্ট ক্লাসরুম উদ্বোধন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ ৩১ মে বুধবার স্মার্ট ক্লাসরুম উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের একাম হল বিল্ডিংয়ের তৃতীয় তলায় এক অনুষ্ঠানের মাধ্যমে স্মার্ট ক্লাসরুম সম্মিলিতভাবে উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহু উদ্দীন। প্রাথমিকভাবে পাঁচটি অনুষ্ঠানে পাঁচটি বিভাগসহ মোট সাতটি ক্লাসরুম এর আওতায় আসবে। পর্যায়ক্রমে অন্য বিভাগগুলোও স্মার্ট ক্লাসরুমের আওতায় আসবে।



(২০২৩/০৫/৩১) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের “স্মার্ট ক্লাসরুম” এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহু উদ্দীন। ছবি ইমরান আহমেদ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, ইতিবাচক চিন্তার মাধ্যমে যেকোনো কাজ সহজেই করা সম্ভব। যদি আমাদের চেষ্টা থাকে, তাহলে সামর্থ্য কম থাকলেও সেটি করা সম্ভব। প্রতিটি কাজকেই একটি টিমের মাধ্যমে আমাদের সম্পাদন করতে হবে। জীবনের প্রতিটি পদক্ষেপ থেকে শিক্ষা গ্রহণ করা এবং সাধ্যমতো ভালো কাজ করার ব্যাপারে নিজেকে আগ্রহী করে তুলতে হবে। জ্ঞানকে ছড়িয়ে দেওয়া এবং গুণীজনদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করতে হবে। স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে আমাদের নেতৃত্ব দিতে হবে। নিজে কাজ করতে হবে এবং কাজের স্বীকৃতিও অর্জন করতে হবে। কাজের মাধ্যমেই আমাদের বড় হতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৮

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়কে অশান্ত করবেন না। বিশ্ববিদ্যালয়কে ভালোবাসুন। নেতৃত্বাচক চিন্তা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয় নিয়ে আমাদের ইতিবাচক ভাবনা ভাবতে হবে। সরকারী অর্থ খরচের বিষয়ে প্রতিটি ক্ষেত্রেই আমাদের সাশ্রয়ী হতে হবে।



(২০২৩/০৫/৩১) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে “স্মার্ট ক্লাসরুম” এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অভিধি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন।
ছবি ইমরান আহমেদ।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন বলেন, স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে পারিপূর্ব কাজ করে যাচ্ছে। স্মার্ট ক্লাসরুমে একটি স্মার্ট বোর্ড থাকবে। এই বোর্ডের মাধ্যমে অডিও ভিডিও দেখা যাবে। শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি স্বয়ংক্রিয়ভাবে কাউন্ট হয়ে যাবে। টিচিং ও লার্নিং সিস্টেম আরও উন্নত হবে। এরফলে শিক্ষকরাও শিক্ষার্থীদের ক্লাসরুমে আকৃষ্ট করতে পারবেন। আর এর মাধ্যমে আমরা ২০৪১ সালের উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে যুক্ত হতে পারব। বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে আমাদের শিক্ষার্থীদের গড়ে তুলতে পারব। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরে উপাচার্য সিএসই বিভাগে স্মার্ট ক্লাসরুম উদ্বোধন করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইসিটি সেলের পরিচালক ও সিএসই বিভাগের চেয়ারম্যান ড. মো. আব্দুর রহিম।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়